



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

১ সোনারগাঁওরোড, (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।

Website: www.banbeis.gov.bd; e-mail: info@banbeis.gov.bd

স্মারক নং - ৩৭.২০.০০০০.০০৩.০৩১.০৩৬-২০১৭/ ৬৬৭

তারিখঃ ০৩ আশ্বিন ১৪২৪  
১৮ সেপ্টেম্বর ২০১৭

বিষয়ঃ বার্ষিক শিক্ষা জরিপ ২০১৭ এর আওতায় On line Software ব্যবহার করে তথ্য প্রেরণ।

সুপ্রিয় অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট,

আমার সালাম ও শুভেচ্ছা নিবেন। বিষয়োক্ত স্মারক এর প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) দেশের শিক্ষা সেক্টরের সকল পোস্ট-গ্রাইমারি স্তরের শিক্ষাতথ্য ও পরিসংখ্যান সংগ্রহ, সংকলন এবং বিতরণের একমাত্র সরকারি সংস্থা। শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের প্রয়োজন। শিক্ষা পরিকল্পনাকারী ও শিক্ষাব্যবস্থাপকগণকে চাহিদা অনুযায়ী নির্ভুল তথ্য সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে ব্যানবেইস প্রতিবছর একটি নির্দিষ্ট সময়ে দেশের সকল ধরনের শিক্ষা প্রতিষ্ঠান থেকে তথ্য সংগ্রহ করে থাকে। সে মোতাবেক দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য On line Software ব্যবহারের মাধ্যমে ব্যানবেইস সার্ভারে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ব্যানবেইসের সাভারে অনুভুক্ত না হলে সঠিক সময়ে Bangladesh Educational Statistics 2016 প্রকাশ করা সম্ভব হবে না।

২। এবিষয়ে তথ্য সংগ্রহ সংক্রান্ত এতদসংগে একটি নির্দেশিকা প্রেরণ করা হলো (সংযুক্ত)। যে সকল উপজেলায় ব্যানবেইস এর UITRCE ভবন আছে সে সকল উপজেলাসহ পার্শ্ববর্তী উপজেলার যে সকল প্রতিষ্ঠানের On line এর সুবিধা নেই সেইসব প্রতিষ্ঠান সমূহ UITRCE ভবনে এ online সুবিধা গ্রহণ করতে পারবেন।


৩। এমতাবস্থায় আপামী ২০ সেপ্টেম্বর ২০১৭ তারিখ থেকে ০৫ অক্টোবর ২০১৭ তারিখের মধ্যে আপনার শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য On line Software ব্যবহার করে ব্যানবেইস এর সার্ভারে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী

সংযুক্তিঃ ক) On line ফরম পূরণের নির্দেশিকা।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট

শুভেচ্ছান্তে,

  
(মোঃ ফসিউল্লাহ)

পরিচালক

ফোনঃ ৯৬৬৫৪৫৭

E-mail: [info@banbeis.gov.bd](mailto:info@banbeis.gov.bd)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। অতিরিক্ত সচিব(অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। যুগ্ম সচিব (মাধ্যমিক)/যুগ্ম সচিব(কলেজ), শিক্ষা মন্ত্রণালয়।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা .....অঞ্চল।
- ৯। জেলা শিক্ষা অফিসার(সংশ্লিষ্ট)।
- ১০। অফিস নথি।